৩ ডিসেম্বর, ২০২৫

# জাতীয় নির্বাচন স্থগিত চেয়ে হাইকোর্টে রাজনৈতিক দলের রিট



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের বৈধতা ও প্রস্তুতি নিয়ে প্রশ্ন তুলে হাইকোর্টে রিট আবেদন করেছেন বাংলাদেশ কংগ্রেসের মহাসচিব ইয়ারুল ইসলাম। তিনি মনে করেন, বর্তমান কাঠামোর মধ্যে সুষ্ঠু ভোট আয়োজন সম্ভব নয় তাই নির্বাচন পিছিয়ে দেওয়াই এখন যুক্তিযুক্ত।

বুধবার দাখিল করা রিটে জেলা ও উপজেলা নির্বাচন কর্মকর্তাদের ভূমিকা পরিবর্তনের সরকারি সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা হয়েছে। বিশেষ করে জেলা প্রশাসক (ডিসি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের (ইউএনও) রিটার্নিং এবং সহকারী রিটার্নিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব দেওয়ার আইনি ভিত্তি নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। এ সিদ্ধান্ত কেন বেআইনি ঘোষণা করা হবে না—সে বিষয়ে রুল জারির অনুরোধ জানান তিনি।

রিটে বলা হয়েছে, এই বিষয়ে আদালত চূড়ান্ত সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত নির্বাচন প্রক্রিয়ার সব ধাপ সাময়িকভাবে স্থগিত রাখা উচিত, যাতে কোনোরকম বিতর্ক বা জটিলতা সৃষ্টি না হয়। হাইকোর্ট প্রধান নির্বাচন কমিশনারসহ সংশ্লিষ্ট রাষ্ট্রীয় সংস্থাগুলোর কাছ থেকে ব্যাখ্যা চেয়েছে। আগামী সপ্তাহে রিটটি শুনানির তালিকায় উঠতে পারে বলে আদালতসংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

LENS ASIA